# সোনালী ব্যাংক পিএলসি
পার্বতীপুর শাখা, দিনাজপুর।

টেলিফোন - +৮৮০১৭৫৫৫৮৪৮২১
মোবাইল নং- +৮৮০১৭৫৫৮৪৮২১
ই-মেইল- bparbatipur@sonalibank.com.bd


**অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ৩৩(৭) ধারা মোতাবেক মালিকানাপ্রাপ্ত সোনালী ব্যাংক পিএলসি, পার্বতীপুর শাখা, দিনাজপুর- এর নিজস্ব**

## সম্পত্তির বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখার ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স নিশাত ক্লথ স্টোর- এর ঋণ হিসাবে ৩১-১২-২০২৪ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৮,৬২,৬৪১/- টাকা (কথায়ঃ- আট লক্ষ বাষট্টি হাজার ছয়শত একচল্লিশ টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অর্থ ঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী-২০১০) এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক প্রাপ্ত অত্র শাখার নিজস্ব সম্পত্তি নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

### নিলামকৃত সম্পত্তির তফসীল

জেলা- দিনাজপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিসঃ পার্বতীপুর, মৌজা- পার্বতীপুর, জেএল নং-৪০।

| খতিয়ান নং | | | | দাগ নং | | পরিমান (একর) | প্রকৃতি | মালিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| সি এস | এস এ | ডি,পি | খারিজ | সি এস | আর এস | | | |
| ২০৬ | ২৩৪ | ২৬০৫ | ২৯৭৮ | ৬৫৬৯ | ১৩৫৪০,১৩৫৪১,১৩৫৪৩ | ০.৫০ একর | দলা | সোনালী ব্যাংক লিমিটেড, পার্বতীপুর শাখার পক্ষে ব্যবস্থাপক |

**মোট= ০.৫০ একর**

### শর্ত সমূহ ঃ

১। আগামী ২৪/০৯/২৫ ইং দুপুর ৪:০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস নর্থ, দিনাজপুরে রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐদিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাইতে হইবে।

২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০%হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবে।

৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন, তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে; নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮। ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা নিলাম কার্যক্রম বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সব্বোর্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার
মোবাইল-০১৭৫৫-৫৮৪৮২১